

তারিখঃ ০২ জুন, ২০২৪ ইং

স্মারক নংঃ রিহাব/প্রকৌঃ/সকল সদস্য/ ২০২৪/৬/১৬১৭২

সম্মানিত সদস্য

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

বিষয়ঃ ভবন নির্মাণের সময় সর্বোচ্চ নিরাপত্তা ও সাবধানতা অবলম্বন পূর্বক নির্মাণ কাজ সম্পন্ন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এর সম্মানিত সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, যথাযত নিয়ম পালন না করার জন্য এবং অবহেলা জনিত কারণে কনস্ট্রাকশন সাইটে শ্রমিকরা প্রায়ই দুর্ঘটনার কবলে পড়েন। এমতাবস্থায় আপনাদের আওতাধীন প্রত্যেকটি প্রকল্পের কনস্ট্রাকশন সাইটে সকল নিরাপত্তার বিষয়কে অতীব গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে সে অনুযায়ী কনস্ট্রাকশন কাজ পরিচালনা করার অনুরোধ করছি।


কর্তৃপক্ষের অবহেলা বা গাফিলতির কারণে যেন কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা না ঘটে এবং কোন ডেভেলপার প্রতিষ্ঠান যেন কোনো অপ্রীতিকর পরিস্থিতির মুখে না পড়ে, সেদিকে আন্তরিকতার সাথে নজর দেওয়ার অনুরোধ জানাচ্ছি।

নির্মাণ কালীন সময়ে নির্মাণ কাজে সর্বোচ্চ নিরাপত্তার মান নিশ্চিত করার জন্য নিম্নলিখিত কিছু পদক্ষেপ গ্রহণ করা জরুরি।

- ০১) নির্মাণ সাইটের চারপাশে নিরাপত্তা বেটন প্রদান করতে হবে।
- ০২) নির্মাণ কালীন সময়ে ভবনের উপর থেকে কোন ভারী সামগ্রী পড়ে যেন পার্শ্ববর্তী কোন ব্যক্তি/সম্পদের ক্ষতি না হয় সেজন্য সেফটি ট্রাস ও সেফটি নেট ব্যবহার করা জরুরি।
- ০৩) শ্রমিকদের নিরাপত্তা প্রশিক্ষণ নিশ্চিত করা এবং নিয়মিত সেশনের করা জরুরি।
- ০৪) শ্রমিকদেরকে যথাযথ নিরাপত্তা সরঞ্জাম প্রদান করা এবং তাঁদেরকে ব্যবহারের গুরুত্ব সম্পর্কে সচেতন করা।
- ০৫) কনস্ট্রাকশন সাইটগুলো নিয়মিত পরিদর্শন করা ও নিরাপত্তা মানদণ্ডগুলো সঠিক পালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করা।
- ০৬) নিরাপত্তা নীতির যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা এবং কোনো গাফিলতি থাকলে তা দ্রুত সমাধান করা।

আপনাদের সকলের আন্তরিক সহযোগিতা এবং দায়িত্বশীল আচরণ আমাদের সবার নিরাপত্তা এবং মঙ্গল নিশ্চিত করতে সহায়ক হবে।

ধন্যবাদ সহ,


মোঃ ওয়াহিদুজ্জামান
প্রেসিডেন্ট, রিহাব